



BANGLADESH
DATA CENTER
COMPANY LIMITED

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড (BDCCL)

আইসিটি টাওয়ার, প্লট # ই-১৪/এক্স, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

www.bdccl.gov.bd



স্মারক নং- ৫৬.০১.০০০০.১১৪.৩৫.০০৫.২০২০-৩০৬

তারিখঃ ২৭.০৭.২০২১

প্রকাশ্যে নিলাম বিজ্ঞপ্তি

বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড (BDCCL)-এর একেজো মালামাল “যেখানে যে অবস্থায় আছে” বিক্রয়ের নিমিত্ত প্রকৃত ক্রেতা/ব্যবসায়ী/এজেন্ট এর নিকট হতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নিলামে অংশগ্রহণের জন্য আহবান জানানো যাচ্ছে-

ক্রমিক নং	মালামালের তালিকা	আনুমানিক পরিমাণ
০১।	পাওয়ার ক্যাবল (ইনসুলেশন সহ কপার ক্যাবল)	৪ টন (কম-বেশি হতে পারে)
০২।	নেটওয়ার্ক ক্যাবল (ইনসুলেশন সহ)	১ টন (কম-বেশি হতে পারে)
০৩।	MS Angle, Frame & Tools (বিভিন্ন সাইজের)	২ টন (কম-বেশি হতে পারে)
০৪।	জেনারেটরের ব্যবহৃত Lubrication Oil	১৬০০ লিটার (আনুমানিক)
০৫।	জেনারেটরের ব্যবহৃত Air Filter, Oil Filter, Fuel Filter	৩০ কেজি (কম-বেশি হতে পারে)
০৬।	Aluminum Louver	৫০০ কেজি (কম-বেশি হতে পারে)

০২। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক প্রকৃত ক্রেতা/এজেন্ট/প্রতিষ্ঠান/ব্যবসায়ীদের আগামী ১১.০৮.২০২১ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড, বঙ্গবন্ধু হাই-টেক সিটি, কালিয়াকৈর, গাজীপুরে উপস্থিত হয়ে নিলামে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

০৩। শর্তাবলীঃ

ক) ১১.০৮.২০২১ তারিখ সকাল ১১.০০ ঘটিকার পরে উপস্থিত কোন ক্রেতা/এজেন্ট/প্রতিষ্ঠান/ব্যবসায়ী এর নিকট হতে দরপত্র গ্রহণ করা হবে না।


খ) উন্মুক্ত ডাকের মাধ্যমে একেজো মালামাল সমূহের একক মূল্য নির্ধারিত হবে। সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠান/ক্রেতা/এজেন্ট/ব্যবসায়ী উক্ত একেজো মালামাল পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে। ওইদিনই সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠান/ক্রেতা/এজেন্ট/ব্যবসায়ী নিলাম কমিটি সদস্যদের উপস্থিতিতে নিজস্ব জনবল/লেবার এর মাধ্যমে মালামাল পরিমাপ করে প্রতি মালামালের ঘোষণাকৃত একক মূল্য অনুযায়ী মোট মূল্য নির্ধারণ করে নিজস্ব প্যাডে সীলমোহরকৃত খামে দাখিল করবেন। উল্লেখ্য যে, নিলামে বিক্রিত মালামাল ডেলিভারী প্রদানের সময় যে পরিমাণ নির্ধারিত হবে সেই মূল্য অবশ্যই কোম্পানীকে পরিশোধ করে নিলামে বিজয়ী প্রতিষ্ঠান মালামাল বুঝিয়া নিবে।

গ) সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠান/ক্রেতা/এজেন্ট/ব্যবসায়ীদের অফিস আদেশ দেওয়ার ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে সরকারী নিয়ম অনুযায়ী সরকারী কোষাগারে উৎসকর হিসাবে নিলাম মূল্যের উপর অতিরিক্ত ১০% অগ্রীম আয়কর ও ৭.৫% অগ্রীম ভ্যাট ট্রেজারী চালানোর মাধ্যমে জমা দিতে হবে এবং

ঘ) নিলামে উদ্ধৃত মূল্য “ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড (BDCCL)” এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে।

ঙ) অগ্রীম আয়কর, ভ্যাট প্রদানের চালান কপি ও নিলামে উদ্ধৃত মূল্যের জমাকৃত পে-অর্ডারের মূল কপি ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড (BDCCL) বরাবর দাখিল করে সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠান/ক্রেতা/এজেন্ট/ব্যবসায়ী পরবর্তী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যেই বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড, বঙ্গবন্ধু হাই-টেক সিটি, কালিয়াকৈর, গাজীপুর হতে নিজ দায়িত্বে নিজস্ব জনবল/লেবার ও পরিবহনের মাধ্যমে মালামাল ডেলিভারী নিতে হবে। এ সংক্রান্ত কোন খরচ BDCCL কর্তৃপক্ষ বহন করবে না।

চ) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ সমগ্র নিলাম প্রক্রিয়া বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।


২৭/০৭/২০২১
রিপন কবিরাজ

ব্যবস্থাপক (প্রশাসন ও মানবসম্পদ) (অতিঃ দায়িত্ব), BDCCL